

মোংলা বন্দর কর্তৃপক্ষ

মোংলা, বাগেরহাট।

বিষয়ঃ ০৯-০৯-২০১৯ তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় অনুষ্ঠিত বিশ্ব নৌ দিবস উদযাপন সভার কার্যবিবরণী।

সভাপতি : রিয়ার এডমিরাল এম মোজাম্মেল হক, বিএন, চেয়ারম্যান।
তারিখ : ০৯-০৯-২০১৯ খ্রিঃ।
সময় : ১০.৩০ ঘটিকা।
স্থান : মবক এর সভা কক্ষ।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) সভায় কার্যপত্র উপস্থাপন করেন।

সভার আলোচ্যসূচীঃ

০৬ অক্টোবর ২০১৯ বিশ্ব নৌ দিবস উদযাপন উপলক্ষ্যে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

| ক্রমিক | তারিখ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|--|------------------|--|--|---|--|
| ১. | ০৬ অক্টোবর ২০১৯ | বিশ্ব নৌ দিবস উদযাপন সংক্রান্ত। | বঙ্গবন্ধু নদী পদক প্রদানের বিষয়ে চেয়ারম্যান মহোদয়ের নাম মনোনয়নের জন্য সভায় আলোচনা হয়। | বিআইডব্লিউটিএ' তে কর্মরত থাকাকালে নদী উদ্ধার ও নদীর নাব্যতা রক্ষায় চেয়ারম্যান মহোদয় যে অবদান রেখেছেন তা সংগ্রহপূর্বক বঙ্গবন্ধু নদী পদকের জন্য মনোনয়নের নিমিত্তে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন), হারবার মাস্টার, প্রধান নিরাপত্তা কর্মকর্তা, সচিব (বোওজস) ও পরিচালক (ট্রাফিক) |
| ২. | ০৬ অক্টোবর ২০১৯ | দিবসের প্রতিপাদ্য – Empowering Women in the Maritime Community এর উপর ১/২ মিনিটের Audio Visual চিত্র তৈরী করা। | Empowering Women in the Maritime Community এর উপর ১/২ মিনিটের Audio Visual বিষয়ে আলোচনা হয়। | -- | -- |
| ৩. | ০৬ অক্টোবর ২০১৯ | সেমিনার - World Maritme day | সেমিনার - World Maritme day উদযাপন বিষয়ে আলোচনা হয়। | -- | -- |
| ৭/৮ অক্টোবর ২০১৯ সেমিনার – সমুদ্র নিরাপত্তা | | | | | |
| ৪. | ৭/৮ অক্টোবর ২০১৯ | বিশ্ব নৌ দিবস উদযাপন সংক্রান্ত র্যালি | বিশ্ব নৌ দিবস উদযাপন উপলক্ষে “সমুদ্র নিরাপত্তা” বিষয়ক সেমিনার, র্যালি অনুষ্ঠান, নদী-পোর্ট ক্লিনিং, নৌ মহড়া, পথ নাটক আলোকসজ্জা ইত্যাদি বিষয়ে আলোচনা হয়। | ১। “সমুদ্র নিরাপত্তা” বিষয়ক সেমিনারের আয়োজন করতে হবে। ২। মবক’র প্রধান গেট হতে মোংলা বাস স্ট্যান্ড পর্যন্ত র্যালির আয়োজন করতে হবে। উক্ত র্যালিতে বিভিন্ন স্লোগান যেমনঃ নদীতে বর্জ্য ফেলবেন না, নদী পরিষ্কার রাখার জন্য মাইকিং করে প্রচার করতে হবে। | প্রধান নিরাপত্তা কর্মকর্তা ও হারবার মাস্টার। পরিচালক (প্রশাসন), প্রধান নিরাপত্তা কর্মকর্তা, প্রধান প্রকৌশলী (নৌ), পরিচালক (ট্রাফিক) ও প্রধান অর্থ ও হিরক। |

| ক্রমিক | তারিখ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|--------|------------------------|---|---|---|---|
| ৫. | ৭/৮ অক্টোবর ২০১৯ | নদী ক্লিনিং সংক্রান্ত। | নদী ক্লিনিং এর বিষয়ে আলোচনা হয়। | নদী ক্লিনিং এর বিষয়ে কমিটির মাধ্যমে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | হারবার মাস্টার, প্রধান নিরাপত্তা কর্মকর্তা, পরিচালক (ট্রাফিক), প্রধান প্রকৌশলী (নৌ) ও উপ-ব্যবস্থাপক (সম্পত্তি) |
| ৬. | ৭/৮ অক্টোবর ২০১৯ | পোর্ট ক্লিনিং সংক্রান্ত। | পোর্ট ক্লিনিং বিষয়ে আলোচনা হয়। | এ দিবসে মবক এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন), হারবার মাস্টার, প্রধান নিরাপত্তা কর্মকর্তা, প্রধান অর্থ ও হিরক ও উপ-ব্যবস্থাপক (সম্পত্তি)। |
| ৭. | ৭/৮ অক্টোবর ২০১৯ | পথ নাটক/সাংস্কৃতিক অনুষ্ঠান। | বিশ্ব নৌদিবস উপলক্ষে পশুর নদীতে নৌ মহড়ার আয়োজন ও দেশাত্মবোধক গান পরিবেশনের বিষয়ে আলোচনা হয়। | মহড়া চলাকালে জাহাজের সম্মুখে বসে দুইজন বাউল শিল্পী বাদ্যযন্ত্র নিয়ে দেশাত্মবোধক গান পরিবেশন করবে। | পরিচালক (প্রশাসন), সচিব (বোওজস) ও সভাপতি/সাধারণ সম্পাদক, সিবিএ। |
| ৮. | ৭/৮ অক্টোবর ২০১৯ | বিশ্ব নৌ দিবসে বন্দর এলাকা আলোকসজ্জিতকরণ / শহরের উল্লেখযোগ্য স্থানে নৌ নিরাপত্তা, সমুদ্র নিরাপত্তা বিষয়ক সচেতনতামূলক ডকুমেন্টারি প্রদর্শন / উল্লেখযোগ্য স্থানে ডিসপ্লে বোর্ড প্রদর্শন / ব্যানার, ফেস্টুন দ্বারা বন্দর এলাকা সজ্জিতকরণ। | বিশ্ব নৌ দিবসে বন্দর এলাকা/ শহরের সমুদ্র নিরাপত্তা বিষয়ক ডকুমেন্টারি প্রদর্শন বিষয়ে আলোচনা হয়। | এ দিবসে খুলনা এবং মোংলা বন্দরের প্রধান গেইটে আলোকসজ্জার ব্যবস্থা করতে হবে। | পরিচালক (প্রশাসন), প্রধান প্রকৌশলী (যাঃ ও তঃ), হারবার মাস্টার, প্রধান নিরাপত্তা কর্মকর্তা, সচিব (বোওজস), প্রধান প্রকৌশলী (নৌ), উপ-ব্যবস্থাপক (সম্পত্তি), অফিসার্স এ্যাসোসিয়েশন ও সভাপতি/সাধারণ সম্পাদক, সিবিএ। |

এ দিবসে কর্মসূচী বাস্তবায়নে সংশ্লিষ্ট কমিটি/ বাস্তবায়নকারী প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবেন। কর্মসূচী বাস্তবায়নে প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তাকে অর্থ সংস্থানের ব্যবস্থা রাখতে অনুরোধ করা হয়। প্রত্যেক কমিটি/ বাস্তবায়নকারী নিজ নিজ দায়িত্ব সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/ ১৮-০৯-১৯
চেয়ারম্যান

নং- ১৮.১৪.০১৫৮.১২৪.৩৮.০৫৪(অংশ-১).১৮-

সেপ্টেম্বর ২০১৯ খ্রিঃ।

বিতরণ : বিভাগ/কোষ/শাখা প্রধান:

..... মবক, মোংলা।

অনুলিপি:

- ১। সদস্য (), মবক, মোংলা।
- ২। পরিচালক (প্রশাসন), মবক, মোংলা।
- ৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মবক, মোংলা।
- ৪। সভাপতি/সাধারণ সম্পাদক, অফিসার্স এ্যাসোসিয়েশন, মবক, মোংলা।
- ৫। সভাপতি/সাধারণ সম্পাদক, সিবিএ, মবক, মোংলা।

স্বাক্ষরিত/ ১৮-০৯-১৯
পরিচালক (প্রশাসন)